

ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়

ঢাকা।

বিষয়ঃ- ২০১৬-২০১৭ অর্থ বছরের APA এবং NIS বাস্তবায়ন সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ রবি-উর-রেজা সিদ্দিকী, পরিচালক (প্রশাসন ও অর্থ), টিসিবি।  
বৈঠকের স্থান : পরিচালক (প্রশাসন ও অর্থ) এর অফিস কক্ষ।  
বৈঠকের তারিখ : ১৮-০৪-২০১৭ খ্রিস্টাব্দ।  
সময় : বিকাল ৩:০০ ঘটিকা।


সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক'তে দেখানো হলো।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় বিগত ১৯ মার্চ, ২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে এবং উপস্থিত কোন সদস্যের কোনরূপ সংশোধন, পরিমার্জন প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতভাবে দৃঢ়করণ করা হয়। অতঃপর ২০১৬-২০১৭ অর্থ বছরের APA এবং NIS বিষয়ে কমিটির সভার আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্র নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তায়ন
১	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)	টিসিবি প্রধান কার্যালয়সহ আঞ্চলিক কার্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৬-২০১৭ অনুযায়ী এপ্রিল মাসে APA সংশ্লিষ্ট যে সকল কার্যক্রম রয়েছে তা বাস্তবায়ন করতে হবে। APA বাস্তবায়নের অংশ হিসেবে কর্মচারীদের ২য় ব্যাচে অভ্যন্তরীণ প্রশিক্ষণ শুরু না হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন এবং দ্রুত শুরু করার তাগিদ প্রদান করেন।	ফোকাল পয়েন্ট, সংশ্লিষ্ট শাখা এবং আঞ্চলিক প্রধানগণ।
২	জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS)	জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনা ২০১৬-২০১৭ বাস্তবায়নের নিমিত্ত নৈতিকতা কমিটির ২য় সভা চলতি মাসের শেষ সপ্তাহে মধ্যে আয়োজন করতে হবে এবং এপ্রিল, ২০১৭ মাসে জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনা অনুযায়ী যে সকল কার্যক্রম রয়েছে তা দ্রুত সম্পন্ন করতে হবে।	ফোকাল পয়েন্ট এবং সংশ্লিষ্ট শাখা।।
৩	তথ্য বাতায়ন হালনাগাদকরণ	প্রতিদিন ওয়েবসাইট হালনাগাদ বিষয়ে সকল শাখা প্রধানগণকে আরো সচেতন হতে হবে। সকল শাখা প্রধানগণ প্রতিদিন ওয়েবসাইট খুলে তথ্যবাতায়ন হালনাগাদ করণের বিষয়টি অবহিত হবেন এবং যে চিঠিগুলো আপলোড করারযোগ্য তা আপলোডের জন্য প্রোগ্রামারকে চিঠির মাধ্যমে জানাবেন।	সকল শাখা প্রধানগণ, পি.এস টু চেয়ারম্যান ও জনাব সাইফুল ইসলাম।
৪	আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন	সভায় আলোচনা হয় যে, গত ডিসেম্বর-২০১৬ হতে মার্চ-২০১৭ পর্যন্ত মাত্র ১৩ টি অডিট আপত্তি নিষ্পত্তি হয়েছে। যা APA এর লক্ষ্য মাত্রার সাথে সামঞ্জস্যপূর্ণ নয়। সেপ্রেক্ষিতে, দ্রুত অডিট আপত্তি নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট সকল শাখা।
৫	ই-ফাইলিং ব্যবস্থা চালুকরণ	বিগত ২৩-০২-২০১৭ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক ই-ফাইলিং ২৬-০২-২০১৭খ্রিঃ তারিখে শুরু করা হয়েছে। ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়নের জন্য সকল শাখাকে ধন্যবাদ জানানো হয়। ই-ফাইলিং কার্যক্রম চালু রাখার জন্য আরো আন্তরিক হতে হবে।	প্রশাসন ও সংশ্লিষ্ট শাখা।

৬	পিআরএল এবং পেনশন সংক্রান্ত	সংস্থার যেসকল কর্মকর্তা/কর্মচারী ৩০/০৬/২০১৭ তারিখের মধ্যে পেনশনে যাবেন তাঁদের নামের তালিকা প্রস্তুত করে ওয়েব সাইটে প্রকাশ করতে হবে। পেনশন কেস নিষ্পত্তিতে দ্রুত কার্যকরী পদক্ষেপ গ্রহন করতে হবে।	সংস্থাপন শাখা ও দায়িত্ব প্রাপ্ত কম্পিউটার প্রোগ্রামার।
৭	অনলাইন সেবা চালুকরণ	অনলাইন সেবা চালুকরণের অংশ হিসেবে E-DO (Electronic Delivery Order) চালু করার নিমিত্ত গঠিত কমিটিকে দ্রুত এ সংক্রান্ত যাবতীয় কাজ সম্পন্ন করতে হবে এবং পাইলটিং শুরু করতে হবে।	সংশ্লিষ্ট কমিটি।
৮	অফিস ফ্লোর পরিষ্কার পরিচ্ছন্ন রাখা	টিসিবি ভবনের নীচ তলা থেকে ৯ তলা পর্যন্ত সিড়ি এবং ভবনের চারপাশ পরিষ্কার/পরিচ্ছন্ন রাখতে হবে। এছাড়া সংস্থার অফিস ফ্লোর এবং কক্ষসমূহ প্রতিদিন পরিষ্কার করতে হবে।	প্রশাসন শাখা।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
 (মোঃ রবি-উর-রেজা সিদ্দিকী)  
 পরিচালক (প্রশাসন ও অর্থ), টিসিবি।